

গণপদত্যাগের সিদ্ধান্ত স্থগিত বুয়েট শিক্ষকদের শিক্ষামন্ত্রীর পরিস্থিতি পর্যালোচনা

■ ইত্তেফাক রিপোর্ট

গণপদত্যাগের সিদ্ধান্ত স্থগিত করেছেন বাংলাদেশ প্রাকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) আন্দোলনরত শিক্ষকরা। গতকাল সোমবার বিকালে জরুরি সভাপ্রশেষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি মুজিবুর রহমান সাংবাদিকদের বলেন, সরকারের ওপর আস্থা রেখে আমরা গণপদত্যাগের সিদ্ধান্ত স্থগিত করেছি। তবে প্রতীকী অনশন কর্মসূচি চলবে। বুয়েটের ডিসি-প্রোভিসির পদত্যাগের দাবিতে গত ১১ জুলাই থেকে শিক্ষক সমিতির নেতৃত্বে শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের আন্দোলন চলছে। একযোগে পদত্যাগও করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন পদে থাকা ২৪ শিক্ষক। এরপর শিক্ষক সমিতি ঘোষণা দেয়, দাবি পূরণ না হলে ২২ জুলাই তারা গণপদত্যাগ করবেন। তবে ওইদিন এক সাংবাদিক সম্মেলনে জানানো হয়, শিক্ষকরা গণপদত্যাগের বিষয়টি ৩০ জুলাই পর্যন্ত পৃষ্ঠা ১৯ কলাম ৭

গণপদত্যাগের সিদ্ধান্ত

প্রথম পৃষ্ঠার পর স্থগিত করেছেন। এরপর থেকেই প্রতিদিন বেলা ১১টা থেকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে দুই ঘণ্টা করে প্রতীকী অনশন কর্মসূচি পালন করে আসছেন তারা। পরে গতকাল বিকালে অনুষ্ঠিত শিক্ষক সমিতির জরুরি সভা থেকে গণপদত্যাগের কর্মসূচি স্থগিত করা হয়।

ডিসি-প্রোভিসির অপসারণের আন্দোলনটি ছিল কেবল শিক্ষকদের। কিন্তু ১০ জুলাই আকস্মিকভাবে ডিসি কারও সঙ্গে কিছু আলোচনা না করেই বুয়েট ৪৪ দিনের জন্য বন্ধ ঘোষণা করেন। এতে শিক্ষার্থীসহ অন্যান্য ক্রম হন এবং শিক্ষকদের আন্দোলনে যোগ দেন।

শিক্ষার্থীর বৈঠক : শিক্ষা মন্ত্রণালয়ে গতকাল সকালে শিক্ষার্থীর সভাপতিতে একটি বৈঠক বাসে। শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত বৈঠকে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রতিমন্ত্রী ইয়াহুয়া ওসমান, ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক একে আজাদ চৌধুরী, শিক্ষা সচিব ড. কামাল আবদুল নসির চৌধুরী উপস্থিত ছিলেন। ঘটাব্যাপী বৈঠক শেষে শিক্ষার্থী মুন্সল ইসলাম নাহিদ জানান, বুয়েটের পরিস্থিতি পর্যালোচনা করতে বসেছিলাম। নিটিংটি আমাদের জন্য গুরুত্বপূর্ণ ছিল। কিছু সিদ্ধান্ত নিজেই। তবে তা অভ্যন্তরীণ বিষয় হওয়ায় এখনই কিছু বলা চাবে না। বুয়েটের পরিস্থিতি সমাধানে তিনি আশ্রয় চেষ্টা করবেন বলেও জানান। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, যেসব সিদ্ধান্ত হয়েছে তা গতানুগতিক নয়। ডিসি-প্রোভিসিকে সরিয়ে দেয়া বা রাখা সক্রান্ত নয়। সংশ্লিষ্ট এক কর্মকর্তা জানিয়েছেন, তারা আদালতের নির্দেশনা ও মামলার রায়ের অপেক্ষা করবেন। এরপরই সিদ্ধান্ত ও করণীয় নির্ধারণ করা হবে।

শিক্ষক সমিতির সভা : এদিকে ডিসি অফিসের সামনে পূর্ব ঘোষণা অনুযায়ী শিক্ষকরা বেলা ১১ থেকে ২ ঘণ্টার অবস্থান ধর্মঘট পালন করেন। পরে বৈঠক শেষে বিকাল সাড়ে ৪ টার দিকে তারা সংবাদ সম্মেলন করেন। এতে তারা বলেন, আগামী ৫ আগস্ট ফের বৈঠকে বসবেন। সেদিনই নতুন কর্মসূচি নির্ধারণ করবেন। সেই পর্যন্ত তাদের পূর্বঘোষিত গণপদত্যাগ কর্মসূচি স্থগিত থাকবে। এতে সমিতির সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান, সাধারণ সম্পাদক অধ্যাপক আশরাফুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক আতাউর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

তারা বলেন, তারা বিশ্বস্ত সূত্রে জানতে পেরেছেন যে, গণভবন বা প্রধানমন্ত্রীর পক্ষ থেকে আন্দোলন চালিয়ে যাওয়ার নির্দেশ দেয়া হয়েছে। তারা আলোচনার মাধ্যমেই সমস্যার সমাধানে বিশ্বাসী। তবে সমাধানের পথ একটাই- ডিসি ও প্রোভিসির বিদায়। এছাড়া আর কোন দাবি নেই তাদের। এক প্রশ্নের জবাবে তারা বলেন, পদত্যাগী শিক্ষকরা কাজে যোগদান করেন নি। দুইজন বিদেশে ছিলেন। তারা ফিরে প্রশাসনিক কাজ করছেন। বাকিরা তাদের সিদ্ধান্তে অনড় রয়েছেন।

আদালতের আদেশ আজ : বুয়েটের চলমান অবস্থাসহ সার্বিক পরিস্থিতি নিয়ে সুপ্রিম কোর্টের আইনজীবী ড. মোঃ ইউনুস আলী আকন্দ সম্প্রতি রিট দায়ের করেন। সোমবার ওই রিটের তদানি হয়। আজ মঙ্গলবার এব্যাপারে আদেশের দিন ধার্য করা হয়েছে।